দৈনিক ইনকিলাব

তারিখ APR. 27 1999
পৃষ্ঠা ১২ কলাম



*ইনকিলাব ঃ প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখী ছাত্র দলের মিছিলে পুলিশ ও আওয়ামী সন্ত্রাসীদের হামলার প্রতিবাদে জাতীয়তাবাদী ছাত্র দল গতকাল (সোমবার) রাজধানীতে বিক্ষোভ মিছিল বের করে*

ছাত্রদলের প্রতিবাদ মিছিল

# ছাত্র মিছিলে সন্ত্রাসীদের লেলিয়ে দিয়ে প্রধানমন্ত্রী কলংক সৃষ্টি করেছেন

## —আমান উল্লাহ আমান

**স্টাফ রিপোর্টার ঃ** বিএনপি'র ছাত্র বিষয়ক সম্পাদক, সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী আমান উল্লাহ আমান এমপি বলেছেন, ছাত্রসমাজের ১২ দফা দাবীর প্রতি বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে প্রধানমন্ত্রী তার ব্যক্তিগত কর্মকর্তাদের নেতৃত্বে ছাত্রলীগ-যুবলীগের সন্ত্রাসীদের ছাত্রদলের মিছিলে লেলিয়ে দিয়েছেন। মুক্তাদির চৌধুরী, বাহাউদ্দীন নাসিম, লিয়াকত হোসেনের নেতৃত্বে সশস্ত্র সন্ত্রাসীরা সাধারণ ছাত্রদের উপর নারকীয় তাণ্ডবলীলা চালায়। অধিকার আদায়ের সংগ্রামে রাজপথে নেমে আসা ছাত্রদের উপর ব্যক্তিগত, দলীয় ও রাষ্ট্রীয় সন্ত্রাসী-গুণ্ডাবাহিনী লেলিয়ে দিয়ে শেখ হাসিনা যে কলংক সৃষ্টি করেছেন তা এক কালো অধ্যায় হিসেবে চিহ্নিত হয়ে থাকবে।

সাবেক ডাকসু ভিপি আমান গতকাল (সোমবার) ঢাকার মুক্তাঙ্গনে জাতীয়তাবাদী ছাত্রদল আয়োজিত এক বিরাট সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। গত রবিবার প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখী ছাত্রদলের বিক্ষোভ মিছিলে পুলিশ ও আওয়ামী সন্ত্রাসীদের হামলার প্রতিবাদে ছাত্রদল এ সমাবেশের আয়োজন করে।

১১-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## আমান উল্লাহ আমান

শেষ পৃষ্ঠার পর

সমাবেশ থেকে একটি বিক্ষোভ মিছিল পুরানা পল্টন, বিজয়নগর হয়ে বিএনপি'র কেন্দ্রীয় কার্যালয়ে গিয়ে শেষ হয়।

ছাত্রদল সভাপতি হাবিবুন্নবী সোহেলের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক নাসিরুদ্দীন পিন্টু, সহ-সভাপতি আবদুল খালেক হাওলাদার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ সম্পাদক মোস্তাফিজুল ইসলাম মামুন, ঢাকা মহানগরীর সাধারণ সম্পাদক হারুনুর রশিদ হারুন, হাসান সরোয়ার সুমন, বিশ্ববিদ্যালয়ের সাংগঠনিক সম্পাদক আসাদুজ্জামান আসাদ, গোলাম মাহমুদ মিন্টু, হাবিবুর রশিদ হাবিব, আবদুল কাদের বাবু প্রমুখ।

জনাব আমান উল্লাহ আমান বলেন, ছাত্র সমাজের অধিকার রক্ষায় দুর্বার গণআন্দোলনের মাধ্যমে দুঃশাসক, প্রতারক, খুনী, মুখ্যমন্ত্রী শেখ হাসিনাকে উৎখাত করে ছাত্র সমাজের ১২ দফা দাবী আদায় করা হবে। তিনি বলেন, আইয়ুব, ইয়াহিয়া, মুজিব যেমন ছাত্রদের উপর অত্যাচার-নির্যাতন করে ক্ষমতায় টিকে থাকতে পারেনি, শেখ হাসিনাও তার পতন ঠেকাতে পারবে না। ছাত্র সমাজ অতীতের মতো রাজপথে লড়াইয়ের মাধ্যমে এই সরকারকে উৎখাত করবে।

জনাব হাবিবুন্নবী সোহেল বলেন, প্রধানমন্ত্রী ছাত্রদের কথা না শুনে গুণ্ডা লেলিয়ে দিয়ে ছাত্র সমাজের ১২ দফা দাবীকে আরো শক্তিশালী করেছেন। ১২ দফাকে এক দফায় পরিণত করে শেখ হাসিনার দুঃশাসনের অবসান ঘটিয়ে ছাত্র সমাজের দাবী বাস্তবায়ন করা হবে। তিনি ছাত্র মিছিলে হামলাকারী পুলিশ ও আওয়ামী সন্ত্রাসীদের অবিলম্বে গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি দেয়ার দাবী জানান। তিনি অন্যায়ভাবে গ্রেফতারকৃত ছাত্রদল নেতা-কর্মীদের অবিলম্বে মুক্তি দাবী করেন।

জনাব নাসিরুদ্দীন পিন্টু বলেন, ছাত্রদলের মিছিলে হামলাকারী চিহ্নিত সন্ত্রাসীদের গ্রেফতার না করে প্রধানমন্ত্রীর নির্দেশে আহত ছাত্রদল কর্মীদের গ্রেফতার করা হয়েছে।